**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-01-2026** **Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জার্মান চ্যান্সেলার ফ্রেডরিখ মার্জ আজ গুজরাটের গান্ধীনগরে দ্বিপাক্ষিক বৈঠকে বসেন। # সামরিক কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি সহ সহযোগিতার বিভিন্ন ক্ষেত্র নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে। দুই নেতা এর আগে সবরমতী আশ্রমে মহাত্মা গান্ধীর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ও আন্তর্জাতিক ঘুড়ি উৎসবে যোগ দেন।

২) স্বামী বিবেকান্দের জন্মজয়ন্তী আজ দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি উপ-রাষ্ট্রপতি সহ বহু বিশিষ্ট ব্যক্তি স্বামীজীর অবদানের কথা স্মরণ করে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

৩) গত ১০ বছরে দেশের মৎস্য উৎপাদন ১০৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। #সমুদ্রজাত খাদ্যের রফতানিও রেকর্ড উচ্চতায় পৌঁছেছে।

৪) মার্কিন রাষ্ট্রপতি বলেছেন, গণ বিক্ষোভ নিয়ে ইরান আলোচনা করতে চায়। তবে তার আগেও মার্কিন যুক্তরাষ্ট্র প্রয়োজন মনে করলে ইরানে হস্তক্ষেপ করতে পারে। #ইরানে গণ প্রতিবাদ ও বিক্ষোভের আজ ১৬ দিনে নিহতের সংখ্যা ৫৪৪-এ পৌঁছেছে।

৫) দিল্লি প্রচন্ড শীতের কবলে। এক ধাক্কায় সর্বনিম্ন তাপমাত্রা নেমে গেছে ২ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াসে।

**********************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জার্মান চ্যান্সেলার ফ্রেডরিখ মার্জ আজ গুজরাটের গান্ধীনগরে বৈঠকে বসেন। চ্যান্সেলার মার্জের এই প্রথম ভারত সফরে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও বৃদ্ধি করা সহ বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়। ভারত, জার্মানি সামরিক কৌশলগত অংশীদারিত্বের ২৫ বছর পূর্ণ হওয়ার প্রেক্ষিতে এক্ষেত্রে অগ্রগতিও খতিয়ে দেখা হয়। বাণিজ্য, বিনিয়োগ, উচ্চ প্রযুক্তি, সুস্থায়ী ও পরিবেশ অনুকূল উন্নয়ন এবং বিজ্ঞান ও গবেষণা ক্ষেত্রের ওপর গুরুত্ব দিয়ে উভয় নেতা দ্বিপাক্ষিক বৈঠকে আলোচনা করেছেন বলে জানা গেছে। গুরুত্বপূর্ণ আঞ্চলিক এবং আন্তর্জাতিক প্রশ্নে উভয় নেতা মত বিনিময় করেছেন।

বৈঠকের পর প্রধানমন্ত্রী সন্ত্রাসবাদের মোকাবিলায় ভারত – জার্মান সহযোগিতার কথা উল্লেখ করেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

এর আগে উভয় নেতা মহাত্মার বাসভবন, সবরমতী আশ্রমে গান্ধীজীর বাসভবন হৃদয়কুঞ্জ পরিদর্শন করে মহাত্মার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং চরকা কাটেন।

চ্যান্সেলার মার্জ পরিদর্শকদের খাতায় মহাত্মা গান্ধীর স্বাধীনতার শক্তিকে দৃঢ় বিশ্বাসের কথা উল্লেখ করে, তা সবাইকে অনুপ্রেরণা জোগায় বলে মন্তব্য করেছেন। গান্ধীজীর শিক্ষা এবং বাণী আজকের পৃথিবীতেও সমানভাবে প্রসঙ্গিক বলে তিনি উল্লেখ করেন।

*************************************************************************************

গুজরাটে সফরের তৃতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জার্মান চ্যান্সেলার ফেডরিক মার্জ আজ আমেদাবাদে ঐতিহাসিক সবরমতী আশ্রম পরিদর্শন করে জাতির জনক মহাত্মা গান্ধীর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। উভয় নেতা সবরমতী নদীর কাছে আন্তর্জাতিক ঘুড়ি উৎসবেও অংশ নেন। তিনদিনের এই ঘুড়ি ওড়ানো উৎসবে গুজরাট সহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে ৯-শোর বেশি অংশগ্রহণকারিরা ছাড়াও ৫০টি দেশের ১৩৫ জন ঘুড়ি ওড়ানোর প্রতিযোগী যোগ দিয়েছেন।

তিনদিনের এই ঘুড়ি উৎসবের বিশেষ আকর্ষণ হলো – আগামীকাল ১৩-ই জানুয়ারী রাতে ঘুড়ি ওড়ানো। ঘুড়ির জন্য নির্দিষ্ট একটি সংগ্রহশালা চালু এবং ঐতিহ্যমন্ডিত হাবেলিতে ঘুড়ি ওড়ানো প্রদর্শনী। এবছর অপারেশন সিন্দুরের মূল ভাবনা নিয়ে ঘুড়ি যথেষ্ট আগ্রহের সৃষ্টি করেছে।

*************************************************************************************

স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৬৩ তম জন্মবার্ষিকী সাড়ম্বরে উদযাপিত হচ্ছে। স্বামীজীর জন্মদিনটি দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বামী বিবেকানন্দকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, স্বামীজী ছিলেন, এক কালজয়ী দুরদর্শী আধ্যাত্মিক ব্যক্তিত্ব। যিনি, অর্থপূর্ণ জীবনের অন্যতম উপাদান হিসেবে মানব সেবাকে তুলে ধরেন। স্বামীজী ভারতের শ্বাশত জ্ঞানকে সারা বিশ্বে প্রচার করেন। দেশবাসীর মধ্যে তিনি জাতীয় গর্বকে জাগ্রত করেন। যুব সমাজকে দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে তিনি সর্বদা-ই অনুপ্রাণিত করেন।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে তিনি বলেছেন, স্বামী বিবেকানন্দের জীবন এবং শিক্ষা প্রধানত জোর দেয়, সদর্থক জীবনের মূল স্তম্ভরূপে অন্তর্নিহিত শক্তি,আত্ম- শৃঙ্খলা এবং স্বার্থহীন সেবার ওপর। পরবর্তী প্রজন্মকে স্বামীজীর আদর্শ আলোর পথ দেখাবে বলে তিনি আশা প্রকাশ করেন।স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি জাতীয় যুব দিবসে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এবং শ্রীশা বলেন যতক্ষণ পর্যন্ত না লক্ষ্যে পৌঁছানো যাচ্ছে ততক্ষণ পর্যন্ত না থামার বার্তা দিয়েছিলেন স্বামী বিবেকানন্দ। এই বাণী যুব সম্প্রদায়ের মধ্যে কর্তব্য এবং দেশপ্রেমের ভাবনা তৈরি করবে

এবং উন্নত ভারত গঠনে তা সহায়ক হবে। রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার মাধ্যমে স্বামীজি সমাজসেবার আদর্শকেও প্রতিষ্ঠা করেছিলেন বলে তিনি জানান।

*********************************************************************************

স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষ্যে আজ দেশ জুড়ে জাতীয় যুব দিবস পালিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তী অধিবেশনে যোগ দেবেন। তিনি দেশ বিদেশের প্রায় তিন হাজার যুবক যুবতীর সঙ্গে মতবিনিময় করবেন। নির্বাচিত অংশগ্রহণকারীরা দশটি বিষয়ের মধ্যে একটি বিষয়ে তাদের ভাবনা উপস্থাপিত করবেন। রাষ্ট্রীয় দিক থেকে এগুলি খুব গুরুত্বপূর্ণ। এর ফলে সংশ্লিষ্ট বিষয়ে যুব সমাজের ভাবনা সম্পর্কে ধারণা পাওয়া যাবে। অনুষ্ঠানে , প্রধানমন্ত্রী বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬- উপলক্ষ্যে প্রবন্ধ সংকলন প্রকাশ করবেন। এই সংকলনে ভারতের উন্নয়নে কোন কোন বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত এবং দীর্ঘমেয়াদী জাতি-গঠনের লক্ষ্য সম্পর্কে অংশগ্রহণকারীরা প্রবন্ধ লিখেছেন।

'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ ২০২৬'-এ ৯ তারিখ থেকে শুরু হয়েছে। একটি নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে, মেধা-ভিত্তিক তিন-পর্যায়ের নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে জাতীয় স্তরের প্রতিযোগীদের বাছাই করা হয়েছে। দেশব্যাপী ডিজিটাল পদ্ধতিতে কুইজ, একটি প্রবন্ধ প্রতিযোগিতা এবং রাজ্য-স্তরে নিজেদের মতামত উপস্থাপনা করার সুযোগ পাওয়া গেছে প্রথম পর্বে। দ্বিতীয় পর্যায়ে ডিজাইন ফর ভারত, টেক ফর বিকশিত ভারত - হ্যাক ফর এ সোশ্যাল কজ এর বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে।

*********************************************************************************

ভারতীয় রেলের অগ্রগতি এক নতুন যুগের সূচনা করেছে। এই অগ্রগতির অঙ্গ হিসাবে আগামী ১৭ই জানুয়ারী গোয়াহাটি-হাওড়া বন্দে ভারত স্লিপার সহ একগুচ্ছ নতুন ট্রেনের যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর মধ্যে রয়েছে, নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-SMBT ব্যাঙ্গালুরু, আলিপুরদুয়ার-মুম্বাই (পনবেল) অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন। এছাড়াও রাধিকাপুর-SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস, বালুরঘাট-SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস ট্রেনেরও যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, উড়িষা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী চলাচলের সুবিধা বাড়বে।

১৮ই জানুয়ারী হাওড়া-আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদা-বারানসী, সাঁতরাগাছি-তাম্বারম্ অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

'বন্দে ভারত' স্লিপার সহ এই ট্রেনগুলির যাত্রার সূচনা ফলে যাত্রীরা আরও কম সময়ে গন্তব্যে পৌঁছাতে পারবেন। যাত্রীদের সুবিধার্থে উন্নতমানের ট্রেন পরিষেবার সূচনা করতে চলেছে ভারতীয় রেল।

গুয়াহাটি এবং হাওড়ার মধ্যে বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস ট্রেন দূরপাল্লার রাত্রিকালীন রেলযাত্রার ক্ষেত্রে একটি বড় মাইলফলক হতে চলেছে।

নতুন প্রজন্মের এই ট্রেনটি ১৬টি কোচের রেক দিয়ে চলবে এবং মোট যাত্রী ধারণ ক্ষমতা ৮২৩ জন। এই ট্রেনটিতে ১১টি এসি থ্রি-টিয়ার কোচ, ৪টি এসি টু-টিয়ার কোচ এবং ১টি ফার্স্ট এসি কোচ থাকবে, যা বিভিন্ন শ্রেণির যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণের সুযোগ প্রদান করবে।

অসমের কামরূপ মেট্রোপলিটন ও বঙ্গাইগাঁও এবং পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হুগলি ও হাওড়া সহ বিভিন্ন জেলার বাণিজ্য, পর্যটন এবং আর্থ-সামাজিক উন্নয়নেও সহায়তা হবে বলে মনে করা হচ্ছে।

************************************************************************************

দেশের মাছের উৎপাদন ২০১৩-১৪ অর্থবর্ষের ৯৫ লক্ষ টন থেকে বেড়ে ২০২৪-২৫ অর্থবর্ষে ১৯৮ লক্ষ টন হয়েছে। ১০৬ শতাংশেরও বেশি এই বৃদ্ধি যথেষ্ট তাৎপর্যপূর্ণ। মৎস্য, পশুপালন, এবং দুগ্ধ বিষয়ক মন্ত্রক জানিয়েছে, দেশের অর্থনীতিতে এই ক্ষেত্র গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। ৩ কোটিরও বেশি মৎস্য চাষির রুজি-রোজগারের ব্যবস্হা করছে।

উল্লেখ্য, ভারত হল, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মৎস্য উৎপাদক দেশ। বিশ্ব উৎপাদনের ৮ শতাংশ এদেশে হয়ে থাকে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা এবং প্রধানমন্ত্রী মৎস্য কিষাণ সমৃদ্ধি সহ যোজনার মতো বিভিন্ন উন্নয়নী প্রকল্পের সুবাদে মৎস্য ক্ষেত্রে ঐতিহাসিক পরিবর্তন ঘটেছে। ২০১৪-১৫ সাল থেকে মৎস্য ক্ষেত্রে ৩২ হাজার ৭২৩ কোটি টাকা অনুমোদন করা হয়েছে। এসবের ফলেই ২০২৪-২৫ অর্থ বছরে ভারতের সমুদ্রজাত খাদ্যের রফতানির পরিমাণ ৬২ হাজার ৪০৮ কোটি টাকার সর্বকালীন রেকর্ড স্পর্শ করেছে।

************************************************************************************

ইরানে দেশজুড়ে সরকারী বিরোধী প্রতিবাদ আন্দোলন আজ ১৬ দিনে পড়ল। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক মানবাধিকার কর্মী সংবাদ সংস্হা জানিয়েছে, নিহতের সংখ্যা ৫৪৪-এ পৌঁছে গেছে। ইন্টারনেট ও টেলিফোন সংযোগ ছিন্ন হয়ে যাওয়ার পরেও প্রতিবাদ আন্দোলনে কোন খামতি দেখা যাচ্ছে না। বরং তা আরও বেড়েই চলেছে। ১০ হাজার ৬৮১ জনেরও বেশি প্রতিবাদকারীকে গ্রেফতার করা হয়েছে। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প তার নিজস্ব সরকারী বিমান Air Force One-এ সাংবাদিকদের বলেছেন, ইরান আলোচনা করতে চায় এবং তাদের নেতৃত্বের সঙ্গে বৈঠকের ব্যবস্হা করা হচ্ছে। তবে, চলতি প্রতিবাদ আন্দোলন এবং তা দমন করতে গিয়ে ইরানের সরকারী বাহিনীর হিংসার প্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্র তেহেরানের সঙ্গে বৈঠকের আগেই ব্যবস্হা নিতে পারে।

এদিকে, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনজামিন নেতানিয়াহু গতকাল বলেছেন, ইরানের গণ বিক্ষোভজনিত পরিস্হিতি এবং মার্কিন রাষ্ট্রপতির হস্তক্ষেপের হুমকি সব বিষয়ের ওপরই জেরুজালেম নজর রাখছে। নেতানিয়াহু এবং মার্কিন পররাষ্ট্র সচিব মার্ক রুবিও গতরাতে কথা বলেছেন।

অন্যদিকে, ইরানী সংসদের অধ্যক্ষ মহম্মদ বাকের কালিবাফ সতর্ক করে দিয়ে বলেছেন, তাদের দেশের ঘটনায় মার্কিন যুক্তরাষ্ট্র সামরিক হস্তক্ষেপ করলে তারা পাল্টা ব্যবস্হা হিসেবে তেহরান, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইজরায়েলকে লক্ষ্য করে হামলা চালাবে।

রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্তনীয় গুতরেজ ইরানী কর্তৃপক্ষকে সর্বোচ্চ সংযম বজায় রাখতে এবং সেদেশে তথ্যের অবাদ গতি রুদ্ধ না করতে বলেছেন।

*********************************************************************************

মার্কিন রাষ্ট্রপতি  ডোনাল্ড ট্রাম্প, কিউবাকে হুঁশিয়ারি দিয়ে বলেছেন, যে হাভানা এখন  থেকে আর ভেনিজুয়েলা থেকে তেল বা অর্থ আর পাবে না এবং দেরি হয়ে যাওয়ার আগে কিউবার  নেতৃবৃন্দের উচিত ওয়াশিংটনের সঙ্গে এ বিষয়ে এক চুক্তি করা । সমাজ মাধ্যমে মার্কিন রাষ্ট্রপতির এই হুমকির ফলে কিউবার বিরুদ্ধে মার্কিন হুমকি আরও তীব্রতর হল বলে মনে করা হচ্ছে ।উল্লেখ্য দীর্ঘদিন ধরে ভেনিজুয়েলা থেকেই কিউবার তেলের চাহিদার  বেশির ভাগ পূরণ করা হতো। সম্প্রতি ওয়াশিংটন ভেনিজুয়েলার তেলের জাহাজগুলিকে আটক করার পর এবং নিষেধাজ্ঞা জারি করার পর এই অঞ্চলের ক্ষমতার ভারসাম্য পরিবর্তিত হচ্ছে। ভেনিজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে বলপূর্বক অপহরণের পর এই অঞ্চলের বুরাজনৈতিক জটিলতা আরও তীব্র আকার নিয়েছে ।ভেনিজুয়েলা থেকে কিউবা আর তেল না পেলে সংকট আরো গভীর হবে বলে মনে করা হচ্ছে । কিউবার অর্থনীতি বর্তমানে নানা কারনে চাপে আছে বলে মার্কিন গোয়েন্দা দপ্তরের বক্তব্য ।

*********************************************************************************

দিল্লি তীব্র শীতের কবলে। তাপমাত্রা এক ধাক্কায় অনেকটা নেমে যাওয়ায় শৈত্য প্রবাহের তীব্রতা আরও বেড়েছে। আজ সকালে দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। পালামে সর্বনিম্ন তপামাত্রা ৩ দশমিক তিন ডিগ্রী এবং লোদি রোডে ৩ ডিগ্রী সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। জাতীয় রাজধানী অঞ্চল দিল্লি ঘন কুয়াশায় ঢাকা। ১৭-ই জানুয়ারী পর্যন্ত এই ঘন কুয়াশা থাকবে।

উত্তর ভারতের অন্যান্য অংশের মধ্যে অমৃতস্বরে এক দশমিক এক ডিগ্রী এবং রাজস্থানের চুরুতে ১ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াল আজ সকালে রেকর্ড করা হয়।

*********************************************************************************

শ্রীহরি কোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে আজ সকালে মেরু উপগ্রহ উত্তোলক যান PSLV-C62-র ৬৪-তম উৎক্ষেপণ তৃতীয় পর্যায়ের পর ব্যাহত হয়। PSLV-C62-তে ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ EOSN-1 সহ আরও ১৪-টি ছোটো বাণিজ্যিক উপগ্রহ ছিল। যান্ত্রিক কোন ত্রুটির কারণে উৎক্ষেপণের পরে PS-থ্রি পর্যায়ের শেষের দিকে নির্দিষ্ট গতি পথ থেকে তা বিচ্যুত হয়। ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন জানিয়েছেন, উপগ্রহ উৎক্ষেপণযানের কাজকর্ম তৃতীয় পর্যায় পর্যন্ত প্রত্যাশিতই ছিল। এর শেষের দিকে কিছু বিচ্যুতি লক্ষ্য করা যায় এবং এরফলে উড়ান পথও পাল্টে যায়। ডক্টর নারায়ণন আরও জানিয়েছেন, যাবতীয় ডেটা এখন পরীক্ষা করে দেখা হচ্ছে।

********************************************************************************